

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৮৯৫

আগরতলা, ২১ নভেম্বর, ২০২৪

হালাইছড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে টি - থ্রি ক্যাম্প



উনকোটি জেলার অন্তর্গত নিশিরঞ্জন নন্দিতা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত জামতৈলবাড়ি আয়ুস্মান আরোগ্য মন্দিরের অধীন হালাইছড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে আজ ২০ নভেম্বর, ২০২৪ টি- থ্রি ক্যাম্প এবং টিকাকরণ অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে মোট ২৪ জন এলাকাবাসী উপস্থিত ছিলেন। এদের মধ্যে ২৪ জনের রক্তে হিমোগ্লোবিনের মাত্রা পরীক্ষা করা হয়, ২৪ জনের রক্তচাপ পরীক্ষা করা হয় এবং আট জন শিশুকে ও পাঁচ জন গর্ভবতী মাকে টিকাকরণ করা হয়। এই অনুষ্ঠানে স্বাস্থ্যকর্মীরা আয়রনযুক্ত খাবারের প্ৰয়োজনীয়তা, শিশুর যত্ন নেওয়া, ছয় মাস পর্যন্ত শুধুমাত্র মায়ের বুকের দুধ পান করানো এবং জন্মের সাথে সাথেই শিশুকে মায়ের বুকের শাল দুধ বা কলোস্ট্রাম খাওয়ানো বিষয়ে সচেতনতামূলক আলোচনা করেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জামতৈলবাড়ি আয়ুস্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার দেবশ্রী দেব, এমপিডব্লিউ লিয়েন লালবুল হালাম, এএনএম জৈতিনাই হালাম ও আশাকর্মা শিউলি সিং ছেত্রী, প্রতিমা দাস, মুক্তা নায়েক ও সাফিয়া বেগম প্রমুখ। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
